বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪ তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ দক্ষিণ আফ্রিকার ব্যবসায়িক প্রতিনিধিদলের সাথে দেশের বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি-বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের শীর্ষ কর্মকর্তাদের সভা।**

বিগত ১২ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ(বিডা) এর উদ্যোগে দক্ষিণ আফ্রিকা হতে আগত ব্যবসায়িক প্রতিনিধিদলের সাথে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি-বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের শীর্ষ কর্মকর্তাদের একটি সভা অনুষ্ঠিত হয়। এদিন সন্ধায় ঢাকার 'হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও'-তে উক্ত সভা অনুষ্ঠিত হয়। দক্ষিণ আফ্রিকা - ইন্ডিয়ান ওশান রিম বিজনেস ফোরাম (আইওআরবিএফ) এর ব্যবস্থাপনা পরিচালক এবং আগত প্রতিনিধিদলের প্রধান Mrs Nokuthula Patience Ndlovu এর নেতৃত্বে উক্ত সভায় অংশগ্রহণ করেন দক্ষিণ আফ্রিকার Black Business Council (BBC) ও অন্যান্যদের সমন্বয়ে গঠিত ব্যবসায়িক প্রতিনিধিদল। মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা ও সংসদ সদস্য জনাব সালমান এফ রহমান, বিডা এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া, বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব জনাব মোঃ সামসুল আরেফিন, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির(ডিসিসিআই) সভাপতি জনাব আশরাফ আহমেদ, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ড্রাস্ট্রির(এফবিসিসিআই) পরিচালক মিজ প্রীতি চক্রবর্তী সহ আরো অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন।

সভায় দক্ষিণ আফ্রিকা হতে আগত ব্যবসায়িক প্রতিনিধিদলের সাথে বাংলাদেশের বিভিন্ন খাতে ব্যবসায়, বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাব্যতা ও সুযোগ-সুবিধার বিষয়ে আলোচনা হয়। সভার আলোচনায় দক্ষিণ আফ্রিকার ব্যবসায়িক প্রতিনিধিদল দক্ষিণ আফ্রিকা ও বাংলাদেশের সাদৃশ্যের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশে বিনিয়োগের আগ্রহের কথা ব্যক্ত করেন। উপস্থিত বাংলাদেশের সরকারি-বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের শীর্ষকর্তাবৃন্দ বাংলাদেশে ব্যবসা ও বিনিয়োগের নানাদিক তুলে ধরেন এবং বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানান। সর্বোপরি, দক্ষিণ আফ্রিকার প্রতিনিধিদলের সন্তোষজনক সফর ও সভার ফলশ্রুতিতে আগামীতে বাংলাদেশের সাথে দক্ষিণ আফ্রিকার বৈদেশিক ব্যবসা-বাণিজ্যের অধিকতর সম্প্রসারণ হবে এবং বাংলাদেশে আরো বৈদেশিক বিনিয়োগ আসবে বলে আশা করা যাচ্ছে।

উল্লেখ্য, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ(বিডা) এর যৌথ উদ্যোগে ২০২৩ সালে দক্ষিণ আফ্রিকায় আয়োজিত বাণিজ্য ও বিনিয়োগ সম্মেলনের প্রেক্ষিতে দক্ষিণ আফ্রিকা হতে South Africa - Indian Ocean Rim Business Forum (IORBF) এবং Black Business Council (BBC) এর সমন্বয়ে গঠিত একটি উচ্চ পর্যায়ের ব্যবসায়িক প্রতিনিধিদল ১১ মার্চ ২০২৪ হতে ১৬ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ সফর করছেন।

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র





